মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
www.jessoreboard.gov.bd

# জরুরি বিজ্ঞপ্তি

স্মারক নং-বিনি/বিজ্ঞপ্তি/৭৪/০৩/ ১৯৬ তারিখ : ১৭-০৯-২০২৫ খ্রি.

**বিষয় : ২০২৫ সালে অধ্যায়নরত ৮ম শ্রেণির শিক্ষার্থীদের তথ্য আপলোড, সংশোধন ও নিবন্ধনকরণ প্রসঙ্গে।**

কর্তৃপক্ষের নির্দেশক্রমে এ বোর্ডের আওতাধীন সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে অবগত করা যাচ্ছে যে, ২০২৫ সালে অধ্যায়নরত ৮ম শ্রেণির শিক্ষার্থীদের তথ্য আপলোড, সংশোধন ও নিবন্ধন নিম্নরুপে সম্পন্ন করতে হবে-

১। ২০২৫ সালে ৮ম শ্রেণিতে অধ্যায়নরত সকল শিক্ষার্থীদের তথ্য অনলাইনে আপলোড করতে হবে।

২। ৮ম শ্রেণির শিক্ষার্থীদের পরীক্ষা বছরের ১ জানুয়ারী শিক্ষার্থীর নূন্যতম বয়স ১১+ বছর এবং ৩১ ডিসেম্বর সর্বোচ্চ ১৭ বছর, তবে বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীদের ক্ষেত্রে এ বয়সসীমা সর্বোচ্চ ২২ বছর।

৩। ২০২৪ সালে ৭ম শ্রেণিতে অধ্যয়নরত ও ২০২৩ সালে ৬ষ্ঠ শ্রেণিতে নিবন্ধনকৃত শিক্ষার্থীদের নামের তালিকা ২০২৫ সালের ৮ম শ্রেণিতে অনলাইনে প্রদর্শন করা হয়েছে।

৪। যে সকল প্রতিষ্ঠানে কম্পিউটারসহ ইন্টারনেট সংযোগ নেই তাদের নিকটবর্তী ইউনিয়ন ই-সেবা কেন্দ্রের মাধ্যমে তথ্য আপলোড করতে হবে। কোন ক্রমেই কোন দোকান/ব্যক্তিগত প্রতিষ্ঠান থেকে নিবন্ধন সম্পন্ন করা যাবে না।

**৫। প্রত্যেক প্রতিষ্ঠান তার শিক্ষার্থীদের নিবন্ধন কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্যে শিক্ষকদের সমন্বয়ে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি নিবন্ধন কমিটি গঠন করবে এবং কমিটি কর্তৃক প্রদানকৃত শিক্ষার্থীদের তথ্য প্রিন্ট করে যাচাইপূর্বক সকল সদস্যের স্বাক্ষর শেষে প্রধান শিক্ষকের অনুমোদনসহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে সংরক্ষণ করবে। যে কোন প্রকার ভুলত্রুটির জন্য প্রতিষ্ঠান প্রধান ও কমিটির সদস্যগণ যৌথভাবে দায়ী থাকবেন।**

৬। অনলাইনে তথ্য আপলোড ও সংশোধন এবং নিবন্ধন কার্যক্রমের সময়সূচি জরিমানা ছাড়া ১৭-০৯-২০২৫ খ্রি. হতে চলমান থাকবে ৩০-০৯-২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত এবং বিলম্ব ফিসসহ ০১-১০-২০২৫খ্রি. হতে ০৮-১০-২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত। নির্ধারিত তারিখের পর নতুন কোন তথ্য আপলোড করা যাবে না। প্রত্যেক প্রতিষ্ঠান নিবন্ধনকৃত শিক্ষার্থীদের নিবন্ধনের হার্ডকপি সংরক্ষণ করবে। পরবর্তীতে এই হার্ডকপির সাথে নিবন্ধন কার্ড যাচাই করতে হবে এবং প্রয়োজনীয় ক্ষেত্রে সংশোধন করতে হবে। তবে অনলাইনে তথ্য আপলোড না থাকলে তাকে শিক্ষার্থী বলে গণ্য করা যাবে না।

**৭। শিক্ষার্থীদের নিবন্ধনের জন্য বোর্ড কর্তৃক নির্ধারিত ফিস শুধুমাত্র সোনালী ব্যাংকের সোনালী সেবার মাধ্যমে অনলাইনে বোর্ডে প্রেরণ করতে হবে এবং কোনক্রমেই টিটি/ডিডি/পে-অর্ডার গ্রহণযোগ্য হবে না। শিক্ষার্থীদের নিকট হতে বোর্ড কর্তৃক নির্ধারিত ফিসের অতিরিক্ত অর্থ গ্রহণ করলে প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।**

৮। (ক) ৮ম শ্রেণির শিক্ষার্থী প্রতি ফিসের হার :

| নিবন্ধন ফিস | স্কাউট ফিস | রেড ক্রিসেন্ট ফিস | বেসরকারী অবসরপ্রাপ্ত শিক্ষক/কর্মচারীগণের অবসর ও কল্যাণ ট্রাস্ট তহবিল | মোট টাকার পরিমান | বিলম্ব ফিস |
|---|---|---|---|---|---|
| ৫০/- | ২৫/- | ১৬/- | ১০০/- | ১৯১/- | ৫০/- |

(খ) শিক্ষার্থী প্রতি রেড ক্রিসেন্ট ফিস ৪০/- (চল্লিশ) টাকা আদায় করে আদায়কৃত অর্থের ৬০% অর্থ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে রেখে অবশিষ্ট ৪০% অর্থাৎ ১৬/- (ষোল) টাকা শিক্ষা বোর্ডে প্রেরণ করতে হবে।

**৯। বেসরকারী অবসরপ্রাপ্ত শিক্ষক/কর্মচারীগণের অবসর ও কল্যাণ ট্রাস্ট তহবিলের জন্য আদায়কৃত টাকা নিবন্ধনের ফিসের সাথে সোনালী সেবার মাধ্যমে বোর্ডে জমা প্রদান করতে হবে। বেসরকারী অবসরপ্রাপ্ত শিক্ষক/কর্মচারীগণের অবসর ও কল্যাণ ট্রাস্ট তহবিলের জন্য আদায়কৃত অর্থ নিবন্ধন ফিসের সাথে বোর্ডে জমা প্রদান করতে হবে। ইতোমধ্যে যেসকল শিক্ষা প্রতিষ্ঠান বেসরকারী অবসরপ্রাপ্ত শিক্ষক/কর্মচারীগণের অবসর ও কল্যাণ ট্রাস্ট তহবিলের জন্য আদায়কৃত টাকা সংশ্লিষ্ট হিসাব নম্বরে প্রেরণ করেছেন তারা নিজ জেলা শিক্ষা অফিসারের দপ্তরে জমাকৃত টাকার রশিদ প্রদর্শন করবে এবং জেলা শিক্ষা অফিসার ৬ষ্ঠ শ্রেণির ন্যায় নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণ করবে।**

১০। অষ্টম শ্রেণিতে অধ্যায়নরত শিক্ষার্থীদের ৩১-১০-২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত এক প্রতিষ্ঠান থেকে অন্য প্রতিষ্ঠানে যাওয়া ছাড়পত্র (e-TC) প্রদান করা যাবে। সেক্ষেত্রে সোনালী সেবার মাধ্যমে ৮০০/- (আটশত টাকা) মাত্র ফিস প্রদানপূর্বক ছাড়পত্র (e-TC) প্রদান করা যাবে। এরপর কোন অবস্থাতেই ছাড়পত্র প্রদান করা যাবে না। বোর্ডের অভ্যন্তরে (e-TC) এবং আন্তঃবোর্ডের বদলী/ছাড়পত্র (e-BTC) অনলাইনে আবেদন এবং সোনালী সেবা করার নিয়মাবলি নিম্নরুপঃ

*** যশোর বোর্ডের ওয়েবসাইট (www.jessoreboard.gov.bd) এ প্রবেশ করুন।**

*** Our Service থেকে Institute Panel এ Login করুন।**

*** Click on Registration > JSC 2025 এতে Six-2023 এ নিবন্ধিত সকল শিক্ষার্থীর তালিকা পাওয়া যাবে।**

*** উপরের Tab এর Add New এ Click করে নতুন সংযোজন করুন।**

*** উপরের Tab এর Payment এ Click করে নিবন্ধন ফি প্রদান করুন।**

Arif

* উপরের **Tab** এর **Final Submit** এ **Click** করে নিবন্ধন নিশ্চিত করুন।
* উপরের **Tab** এর **Print Pending List, Print Final List** হতে তালিকা প্রিন্ট করুন এবং **Final List** সংরক্ষণ করুন।
* ডান পাশের **Action** বাটনের **Edit** এ **Click** করে প্রয়োজনীয় সংশোধন করুন।
* ডান পাশের **Action** বাটনের **Delete** এ **Click** করে অতিরিক্ত শিক্ষার্থী বাতিল করুন।
* বামপাশের মেন্যুবার থেকে **e-TC Application** থেকে **Creat Application** মেন্যুতে ক্লিক করুন।
* আবেদন ফরম পূরণ করে সাবমিট করুন। সাবমিট করার পর সোনালী সেবা প্রিন্ট করে সোনালী ব্যাংকে ফিস জমা করুন।
* সোনালী ব্যাংকে ফিস জমা হলে এবং ভর্তিচ্ছুক বিদ্যালয় কর্তৃক অনলাইনে একই প্যানেল থেকে গ্রহণ করলে **(Accept)** স্বয়ংক্রিয়ভাবে **(e-TC)** আবেদন অনুমোদন হয়ে যাবে। অনুমোদনের পর একই প্যানেল থেকে চিঠি প্রিন্ট করা হবে। আন্তঃবোর্ড ইটিসি **(e-BTC)** এর ক্ষেত্রে উপরে বর্ণিত একই পদ্ধতি অনুসরণ করতে হবে। তবে ভর্তিচ্ছুক বিদ্যালয় কর্তৃক অনলাইনে **(Accept)** করার প্রয়োজন নেই।

১১। ২০২৩ সালে ৬ষ্ঠ শ্রেণিতে নিবন্ধন ব্যতীত কোন শিক্ষার্থী ২০২৫ সালে ৮ম শ্রেণিতে নিবন্ধন করতে পারবে না।

১২। যশোর বোর্ডের ওয়েবসাইট (www.jessoreboard.gov.bd) বাম পাশের মেন্যু থেকে Student Management বাটনে ক্লিক করে শিক্ষা প্রতিষ্ঠানের EIIN ও Password দিয়ে লগইন করে শিক্ষার্থীর নিবন্ধন কার্যক্রম সম্পন্ন করতে হবে। এ বোর্ডের ওয়েবসাইটের LATEST NOTICE এ প্রদত্ত জেলাভিত্তিক মাষ্টার ট্রেইনারদের নিকট থেকে সেবা সংক্রান্ত সহায়তা নেয়ার জন্য যোগাযোগ করা যাবে। বিশেষ প্রয়োজনে যশোর শিক্ষা বোর্ডের নিম্নলিখিত নম্বরগুলোতে সহায়তা পাওয়া যাবে।
মোবাই নম্বর : ০১৭৩২-৫০২৭৮৯, ০১৭১৫-৮৫১১৪৫, ০১৭২৯-৬৮২৯৫৯

১৩। সকল প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের শ্রেণিভিত্তিক দৈনিক হাজিরাসহ নিজ নিজ ওয়েবসাইটের সকল মেন্যুতে তথ্য হালনাগাদ নিশ্চিত করতে হবে।

১৪। শিক্ষার্থীর নিজের এবং তাদের পিতা ও মাতার নামের পূর্বে Mr, Mrs, Miss, Sree, Sreemoti, Advocate, Hazi, Al-haz, Eng, Late, Major, Colonel, Brigadier, Dr, Prof ইত্যাদি ধরনের পদবি এবং নামের শেষে MA, MCOM, MSC, BA, BSC, BSS, BBS, FRCS, PHD, FCPS, FCA, Master ইত্যাদি ধরণের শিক্ষাগত যোগ্যতাসূচত শব্দ ব্যবহার করা যাবে না।

বি.দ্র. শিক্ষার্থীদের নিবন্ধনের তথ্য প্রদানের সময় পিইসি, জন্ম নিবন্ধন সনদ এবং পিতা মাতার জাতীয় পরিচয়পত্রের সাথে মিল রেখে শিক্ষার্থীর নাম, পিতার নাম মাতার নাম ও জন্ম তারিখের তথ্য সঠিকভাবে প্রদান করতে হবে। শিক্ষার্থীর পিইসি, জন্ম নিবন্ধন সনদ এবং পিতা মাতার জাতীয় পরিচয়পত্রে কোন প্রকার ভুল থাকলে তা সংশোধন করে তথ্য আপলোড করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে
স্বাক্ষরিত
ড. মোঃ কামরুজ্জামান
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
ফোন : ০২৪৭৭৭৬২৭০৫

অধ্যক্ষ/ প্রধান শিক্ষক
এ বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল
নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়

স্মারক নং-বিনি/বিজ্ঞপ্তি/৭৪/০৩/ ১৯৬(১-৯)

তারিখ : ১৭-০৯-২০২৫ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :
১। সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
২। জেলা প্রশাসক, এ বোর্ডের আওতাধীন সকল জেলা।
৩। উপ-পরিচালক (মাধ্যমিক) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা।
৪। উপ-পরিচালক (প্রাথমিক) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা।
৫। উপজেলা নির্বাহী অফিসার, এ বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
৬। জেলা শিক্ষা অফিসার, এ বোর্ডের আওতাধীন সকল জেলা।
৭। উপজেলা শিক্ষা অফিসার, এ বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
৯। সংরক্ষণ নথি।

১৭/০৯/২৫
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
ফোন : ০২৪৭৭৭৬২৭২৮

Arif